



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

13 November 2025

7:35 AM IST

=====

রাজ্যে স্বচ্ছ ও মেধাভিত্তিক নিযুক্তি প্রক্রিয়ার অংশ হিসেবে আজ শিক্ষা বিভাগে আরো ৮ হাজারও বেশী প্রার্থীকে নিযুক্তিপত্র বিতরণ করা হবে। খানাপারার পশু চিকিৎসা বিজ্ঞান মহাবিদ্যালয়ের খেলার মাঠে আজ বিকেলে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা ও শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে উচ্চ শিক্ষা সঞ্চালকালয়ের অধীনে ২৫২ জন সহকারী অধ্যাপককে নিযুক্তিপত্র বিতরণ ছাড়াও ৬২ জন তৃতীয় শ্রেণীর কর্মচারীকে নিযুক্তিপত্র প্রদান করা হবে। একইভাবে মাধ্যমিক সঞ্চালকালয়ের অধীন ১ হাজার ২৭৫ জন স্নাতকোত্তর শিক্ষক ও ৬ হাজার ৫২২ জন স্নাতক শিক্ষককে নিযুক্তি পত্র প্রদান করা হবে। রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্ষদ সঞ্চালকালয়ের অধীন জেলা শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ২৮ জন শিক্ষক ও রাজ্য শিক্ষা গবেষণা প্রশিক্ষণ পর্ষদে ৮ জন সহকারী সঞ্চালককে নিযুক্তি পত্র প্রদান করা হবে।

ৰাজ্যের মহিলাদের আর্থিকভাবে স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যোগিতা অভিযান শুরু করা হয়েছে। মহিলা সবলীকরণের মাধ্যমে আসামকে একটি আদর্শ রাজ্য হিসেবে গড়ে তোলার প্রচেষ্টা অব্যাহত থাকবে বলে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন। মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা গতকাল খানাপারায় আয়োজিত এক জনসভায় আত্মসহায়ক গোষ্ঠীর ১৭ হাজার ৬শ ৮০ জন মহিলাদের মধ্যে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যোগিতা অভিযানের অধীনে চেক বিতরণ করে জানান যে বাল্য বিবাহ প্রতিরোধ করতে এবং মহিলাদের বিরুদ্ধে হওয়া অপরাধের সংখ্যা হ্রাস করার লক্ষ্যে সরকার এই পদক্ষেপ নিয়েছে।

মহিলারা যাতে সমাজে সম্মানের সঙ্গে বাস করতে পারেন এবং কোন মহিলা যাতে শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত না হন, সে বিষয়ে সরকার পদক্ষেপ গ্রহণ করছে বলে মুখ্যমন্ত্রী জানান।

মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা গতকাল দিশপুর লোকসেবা ভবনে রাজ্য সরকারের কর্মচারীদের জন্য শূন্য ব্যয় বীমা প্রকল্পের সূচনা করেন। মুখ্যমন্ত্রী গতকাল ৭টি পরিবারকে বীমা প্রকল্পের চেক প্রদান করেন। এ বিষয়ে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা জানান ---

বাইট

উল্লেখ্য শূন্য ব্যয় বীমা প্রকল্পের অধীনে গত পয়লা জানুয়ারী থেকে মৃত কর্মচারীর পরিবারকে অর্থ প্রদান করা হবে। প্রকল্পের অধীনে সর্বাধিক ১ কোটি টাকার ব্যক্তিগত দুর্ঘটনাজনিত বীমা এবং ন্যূনতম ২ কোটি টাকার বিমান দুর্ঘটনাজনিত বীমা প্রদান করা হবে। এছাড়া এই প্রকল্পের অধীনে

ন্যূনতম ১০ লক্ষ টাকার মেয়াদী জীবন বীমার সুবিধা প্রদান করা হবে ।
রাজ্যের ঠিকান্তিত্তিক এবং পি এস ইউ কর্মচারীদেরও এই প্রকল্পে অন্তর্ভুক্ত
করা হবে ।

লৌহ মানব সর্দার বল্লভ ভাই প্যাটেলের ১৫০তম জন্ম জয়ন্তীর সঙ্গে
সঙ্গতি রেখে রাজ্যের বিভিন্ন জেলার সঙ্গে কাছাড় জেলার ধলাই সম-
জেলায়ও আজ একতা পদযাত্রার আয়োজন করা হয়েছে ।

কাছাড় জেলা প্রশাসনের সহযোগিতায় এবং ধলাই সম-জেলার ব্যবস্থাপনায়
এই একতা পদযাত্রার আয়োজন করা হয়েছে । ধলাই-র বাম নিত্যানন্দ
বহুমুখী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠ থেকে সকাল ৮টায় এই
পদযাত্রা শুরু হবে ।

আদিবাসী নেতা ভগবান বিরসা মুন্ডার ১৫০ তম জন্ম জয়ন্তী
উপলক্ষে আগামী শনিবার শ্রীভূমি জেলায় বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে
জনজাতীয় গৌরব দিবস উদযাপন করা হবে । পয়লা নভেম্বর থেকে
১৫ ই নভেম্বর পর্যন্ত জনজাতি গৌরব বর্ষ ও পক্ষ পালনের অংগ
হিসেবে সমগ্র রাজ্যের সংগে শ্রীভূমি জেলায়ও ঐদিন বিভিন্ন কার্যসূচী
গ্রহণ করা হয়েছে । শ্রীভূমি জেলার ছাগলমোয়া ট্রাইব্যাল এম ই
স্কুলে আগামী শনিবার সকাল ১০ টা থেকে বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে
জনজাতীয় গৌরব দিবস পালন করা হবে ।

আসাম সরকারের সর্বোচ্চ অসামরিক পুরস্কারের জন্য পোর্টেলের
মাধ্যমে দরখাস্ত জমা শুরু হয়েছে । অসম বৈভব , আসাম সৌরভ ,

অসম গৌৰৱ নামে তিনিটি পুৰস্কাৰেৰে জন্য নাম প্ৰস্তাব আসাম সিভিলিয়ান এয়াৰ্ডস . আসাম . গভ . ইন পোৰ্টেলে আগামী ২১ শে নভেম্বৰ পৰ্যন্ত জমা দেওয়া যাবে । আগামী পয়লা জানুয়াৰী এই পুৰস্কাৰগুলিৰ নামেৰে তালিকা প্ৰকাশ কৰা হৰে ।

লায়ন্স ক্লাব অব শিলচৰ সেন্ট্ৰালেৰ উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব শিলচৰ ভ্যালী ভিউ ও সামাজিক সংগঠন ইয়াসি'ৰ ব্যৱস্থাপনায় আজ কাঠাল গ্ৰাম পঞ্চায়েতেৰে অন্তৰ্গত শ্যামপুৰ কালীবাড়ীতে বিনামূল্যে চক্ষু পৰীক্ষা শিবিৰ অনুষ্ঠিত হৰে । শিবিৰ সকাল ১০টায় শিবিৰ শুৰু হৰে ।
